



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১২ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

#### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উচ্ছেদ অভিযান পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজিদা শরমিন ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ১২ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. চট্টগ্রাম মহানগর এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন নিউমার্কেট মোড় হতে পুরাতন রেল স্টেশন পর্যন্ত স্টেশন রোডের উভয় পাশের ফুটপাথ, নালা ও রাস্তার উপর সিটি কর্পোরেশন নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরেও অবৈধভাবে বসা শতাধিক ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। অভিযানকালে স্থানীয় ফিরিঙ্গীবাজার ওয়ার্ডের কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, বিভিন্ন হকার সংগঠনের নেতৃবৃন্দ, সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

চট্টগ্রাম- ১২ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

#### সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটে আইসিটি মন্ত্রণালয়ের অধীনে

#### হাইটেক পার্ক নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মন্ত্রণালয়ের অধীনে চট্টগ্রাম নগরীর সিটি কর্পোরেশন পরিচালিত সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট ভবনের ৬ষ্ঠ থেকে ১০ম তলায় ৫টি ফ্লোরে প্রায় ১ লক্ষ বর্গফুট এলাকা জুড়ে প্রতিষ্ঠিত হবে হাইটেক পার্ক। ওয়ার্ল্ড ব্যাংক এর অর্থায়নে এ পরিকল্পনা গ্রহণ করেছে আইসিটি মন্ত্রণালয়। ১২ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. সকালে আইসিটি মন্ত্রণালয় ও ওয়ার্ল্ড ব্যাংকের একটি প্রতিনিধি দল প্রস্থাবিত জায়গা সরেজমিনে পরিদর্শন করেন। হাইটেক পার্ক প্রতিষ্ঠিত হলে চট্টগ্রামে সর্বস্বরের নাগরিক আইসিটি সম্পর্কে জ্ঞান অর্জন করে ডিজিটাল বাংলাদেশের ধারণাকে আরো একধাপ এগিয়ে নিতে সক্ষম হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের আগ্রহ ও ঐকান্তিক প্রচেষ্টায় হাইটেক পার্ক প্রতিষ্ঠা কার্যক্রম দ্রুত গতিতে এগিয়ে যাবে বলে আশা করা যাচ্ছে।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা